অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/19/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল 2025 রিজিয়নাল ইকোনোমিক ডেভেলপমেন্ট কাউন্সিল উদ্যোগের শুরু ঘোষণা করলেন

নতুন ACHIEVE প্রতিযোগিতাটি বেশি প্রভাবসহ রূপান্তরমূলক আঞ্চলিক উদ্যোগগুলিকে সমর্থন করতে 150 মিলিয়ন মার্কিন ডলার দিবে

গভর্নর হোকল রিজিয়নাল ইকোনোমিক ডেভেলপমেন্ট কাউন্সিলগুলির জন্য নতুন চেয়ার নিয়োগ করলেন

20টির বেশি প্রোগ্রামের জন্য তহবিল নিয়ে এখন থেকে শুরু করে 31 জুলাই পর্যন্ত নিউ ইয়র্ক স্টেটের কনসোলিডেটেড ফান্ডিং অ্যাপ্লিকেশন খোলা থাকবে

2025 REDC উদ্যোগের গাইডবুক এখানে পাওয়া যাবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে 2025 রিজিয়নাল ইকোনোমিক ডেভেলপমেন্ট কাউন্সিল (Regional Economic Development Council, REDC) উদ্যোগ শুরু হওয়ার ঘোষণা করলেন। 2011 সাল থেকে REDC অর্থনৈতিক বিকাশের জন্য একটি বটম-আপ পন্থার ভিত্তি হয়ে আছে যার ফলে স্টেটের 10টি রিজিয়নাল কাউন্সিল (Regional Councils) এমন প্রজেক্টকে সমর্থন করতে পারে যা কৌশলী আঞ্চলিক এবং পুরো স্টেটের অগ্রাধিকারকে অগ্রসর করতে পারে। 2025 সালের জন্য নতুন হলো গভর্নরের 150 মিলিয়ন মার্কিন ডলারের অ্যাডভ্যান্সিং কোলাবোরেশন ফর হাই ইম্পিয়ানকে ইনিশিয়েটিভস ফর ইকোনোমিক ভিশনস অ্যান্ড এক্সপ্যানশন (Advancing Collaboration for High-impact Initiatives for Economic Visions & Expansion, ACHIEVE) প্রতিযোগিতা, যার উদ্দেশ্যে হলো আঞ্চলিক বিকাশ শুরু করে দেওয়ার জন্য তহবিলের উন্নত বাস্তবায়নের মাধ্যমে সমর্থিত ক্যাটালিস্টের মতো অর্থনৈতিক বিকাশ প্রজেক্ট অগ্রসর করতে REDCগুলিকে সক্ষম করা। এছাড়াও গভর্নর আজকে ঘোষণা করেছেন যে নিউ ইয়র্কের (New York) সেক্রেটারি অফ স্টেট, Walter T. Mosley-কে (ওয়াল্টার টি মোসলি) REDC উদ্যোগের চেয়ার হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে।

"সরকারি-বেসরকারি পার্টনারশিপকে উৎসাহিত করার দিকে মনোযোগ দিয়ে রিজিয়নাল ইকোনোমিক ডেভেলপমেন্ট কাউন্সিলগুলি যে কাজ করছে তা পুরো নিউ ইয়র্ক স্টেটে রূপান্তরমূলক প্রভাব ফেলেছে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আঞ্চলিকভাবে নকশা করা পরিকল্পনাগুলি নতুন ACHIEVE প্রতিযোগিতার লক্ষ্যগুলিকে সমর্থন করবে, এমন বিনিয়োগের

সুযোগ তৈরি করবে যা সকল নিউ ইয়র্কবাসীর জন্য আরো টেকসই, সফল একটি ভবিষ্যৎ গঠনে সাহায্য করবে।"

নিউ ইয়র্কের সেক্রেটারি অফ স্টেট Walter T. Mosley (ওয়াল্টার টি মোসলি) বলেন, "গত এক বছরে আমি এই বিশাল স্টেটে ভ্রমণ করেছি এবং রিজিয়নাল ইকোনোমিক ডেভেলপমেন্ট কাউন্সিলগুলির ভালো কাজগুলি নিজের চোখে দেখেছি এবং এই জ্ঞানী এবং নিবেদিত মানুষদের দলের নেতৃত্ব দিতে সাহায্য করতে পেরে আমি সম্মানিত বোধ করছি।ব্যবসা ও একাডেমিয়াকে সহযোগিতামূলক কাজের জন্য একত্রিত করা একটি সফল মডেল হিসেবে কাজ করছে। গভর্নর Hochul-এর (হোকল) ধারাবাহিক সমর্থনের জন্য আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, CEO, এবং কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন, "স্টেটের অর্থনৈতিক অগ্রগতি অগ্রসর করার জন্য রিজিয়নাল কাউন্সিলগুলি অতি গুরুত্বপূর্ণ, বিশেষ করে স্থানীয়ভাবে যেখানে তারা প্রায়ই সাধারণ নিউ ইয়র্কবাসীর জন্য সবথেকে বড় ভালো প্রভাবগুলি তৈরি করতে পারে। এই বছরের মাল্টি এজেন্সি তহবিলের রাউন্ড, যেখানে গভর্নর Hochul-এর (হোকল) নতুন এবং নতুন ধরণের ACHIEVE উদ্যোগ আছে, এর মনোযোগ থাকবে বেশি প্রভাবের প্রজেক্টে কৌশলী বিনিয়োগ করা যা পুরো নিউ ইয়র্ক স্টেটের কমিউনিটিগুলিতে রূপান্তরমূলক বিকাশ সৃষ্টি করবে।"

ACHIEVE প্রতিযোগিতা

ACHIEVE প্রতিযোগিতাটি প্রত্যেক REDC-কে একটি রূপান্তরমূলক আঞ্চলিক উদ্যোগ দিবে, যেখানে সবথেকে শক্তিশালী প্রস্তাবনাগুলি অ্যাঙ্কর প্রজেক্ট অগ্রসর করার জন্য 50 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত তহবিল পাবে। এছাড়াও REDCগুলি 75 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত তহবিল পাওয়ার জন্য একটি যৌথ মাল্টি রিজিয়নাল প্রস্তাবনার জন্য পার্টনারশিপ করতে পারে। অঞ্চলগুলি স্থানীয় স্টেকহোল্ডারদের সাথে সহযোগিতা করে একটি কার্যকর করার যোগ্য রোডম্যাপ তৈরি করবে যেখানে বেশি প্রভাবের, নির্মাণের জন্য প্রস্তুত প্রজেক্ট এবং বাস্তবায়নের নির্দেশনা দেওয়ার জন্য আঞ্চলিক পার্টনারশিপ থাকবে। গভর্নরের ক্যাবিনেটের সদস্যদের নিয়ে গঠিত একটি স্ট্র্যাটেজিক ইমপ্লিমেন্টেশন অ্যাসেসমেন্ট টিমের (Strategic Implementation Assessment Team) কাছে ACHIEVE সাবমিশনগুলি দেওয়া হবে যারা 2025 সালের জন্য বিজয়ী অঞ্চলগুলিকে সনাক্ত করবেন।

রিজিয়নাল কাউন্সিল ক্যাপিটাল ফান্ডস

2025 কনসোলিডেটেড ফান্ডিং অ্যাপ্লিকেশনের (Consolidated Funding Application, CFA) জন্য 60 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত রিজিয়নাল কাউন্সিল ক্যাপিটাল ফান্ড (Regional Council Capital Funds) দেওয়া হয়েছে যা প্রত্যেক অঞ্চলের কৌশলী পরিকল্পনা ও স্টেটের অগ্রাধিকারকে অগ্রসর করে এমন প্রজেক্টগুলিকে দেওয়া হবে। এই 60 মিলিয়ন মার্কিন ডলারের মধ্যে আছে পর্যটন সম্পর্কিত প্রজেক্টগুলির জন্য 8 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত ক্যাপিটাল তহবিল, যা Market New York Capital Grant প্রোগ্রামের মাধ্যমে দেওয়া হবে, এবং এর উদ্দেশ্য হলো স্টেটের পর্যটন উদ্যোগগুলিকে জোরদার করবে এমন ক্যাপিটাল বিনিয়োগকে সমর্থন করা।

কনসোলিডেটেড ফান্ডিং এর আবেদন
2025 সালের প্রোগ্রামগুলির জন্য CFA পোর্টাল এখন এখানে খোলা আছে। ডেডলাইন আছে এমন প্রোগ্রামগুলির জন্য আবেদন জমা দেওয়ার শেষ সময় হলো 31 জুলাই, বৃহস্পতিবার, বিকাল 4টা। ওপেন এনরোলমেন্টের প্রোগ্রামগুলির জন্য 31 জুলাইয়ের ডেডলাইন কার্যকর হবে না এবং তহবিল শেষ হওয়ার আগ পর্যন্ত চলমান ভিত্তিতে আবেদন গ্রহণ করা হতে থাকবে। 2025 REDC গাইডবুক (2025 REDC Guidebook), 2025 রিসোর্সেস অ্যাভেইলেবল (2025 Resources Available), এবং অন্যান্য মুখ্য ডকুমেন্ট পাওয়া যাবে এখানে।

অনেকগুলি এজেন্সির প্রোগ্রামসহ স্টেটের সরল একক আবেদন করার পোর্টাল, কনসোলিডেটেড ফান্ডিং অ্যাপ্লিকেশনের মাধ্যমে জমা দেওয়া প্রজেক্টগুলিকে রিজিয়নাল কাউন্সিলগুলি নম্বর দিবে। এই বছর CFA-এর মাধ্যমে আটটি স্টেট এজেন্সি এবং অথোরিটির পরিচালিত 20টির বেশি প্রোগ্রামের অনুদান তহবিল এবং ট্যাক্স ক্রেডিট দেওয়া হবে। আঞ্চলিক পরিষদসমূহ প্রকল্পের পর্যালোচনা করতে এবং প্রকল্পটি অঞ্চলের লক্ষ্য ও কৌশলের সাথে কতটা সামঞ্জস্যপূর্ণ তার ভিত্তিতে প্রকল্পকে নম্বর প্রদান করতে পারবে।

পুরো স্টেটে CFA ওয়ার্কশপ যেখানে উপস্থিত হয়ে আবেদনকারীরা REDC উদ্যোগ এবং অন্যান্য স্টেট প্রোগ্রামের মাধ্যমে দেওয়া প্রোগ্রাম সম্পর্কে জানতে পারবে। ওয়ার্কশপের একটি সম্পূর্ণ সময়সূচি পাওয়া যাবে এখানে।

REDC প্রক্রিয়া স্থানীয় অর্থনৈতিক চাহিদা পূরণ করে এমন কৌশলগত পরিকল্পনা এবং তহবিলের অগ্রাধিকার বিকাশ করার জন্য আঞ্চলিক স্টেকহোল্ডারদের সমর্থন ও ক্ষমতায়ন অব্যাহত রাখে। এখন পর্যন্ত REDC উদ্যোগের মাধ্যমে 10,000-এর বেশি চাকরি তৈরি করতে এবং প্রত্যেক অঞ্চলের কৌশলী পরিকল্পনার সাথে সঙ্গতিপূর্ণ কমিউনিটি বিকাশের প্রজেক্টের জন্য 8 বিলিয়ন মার্কিন ডলারের বেশি দেওয়া হয়েছে।

আঞ্চলিক কৌশলী পরিকল্পনা প্রক্রিয়া
10টি REDC তাদের আঞ্চলিক কৌশলী অর্থনৈতিক বিকাশ পরিকল্পনা দিয়ে নির্দেশিত হয়, যা প্রত্যেক অঞ্চলের অনন্য সম্পদের উপর গুরুত্ব দেয় এবং আঞ্চলিক অর্থনৈতিক বিকাশকে উদ্দীপিত করতে এবং স্টেটব্যাপী চাকরি তৈরি করতে স্থানীয় রিসোর্স কাজে লাগানোর কৌশল দিয়ে থাকে। 2025 সালে প্রত্যেক রিজিয়নাল কাউন্সিলকে একটি বার্ষিক রিপোর্ট তৈরির দায়িত্ব দেওয়া হবে যেখানে তাদের নিজ নিজ অঞ্চলের অবস্থা তুলে ধরা হবে, তারা কীভাবে কাউন্সিলের কৌশলী পরিকল্পনা বাস্তবায়ন করছে তা সংক্ষেপে জানানো হবে, এবং তাদের ACHIEVE উদ্যোগের প্রস্তাবনা পেশ করা হবে।

আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল সম্পর্কে
আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল উদ্যোগ স্টেটের বিনিয়োগ ও অর্থনৈতিক উন্নয়নের জন্য স্টেটের প্রচেষ্টার একটি গুরুত্বপূর্ণ উপাদান। 2011 সালে, স্ব স্ব অঞ্চলের অর্থনৈতিক সমৃদ্ধির জন্য দীর্ঘমেয়াদী কৌশলগত পরিকল্পনা প্রণয়নের উদ্দেশ্যে 10টি আঞ্চলিক কাউন্সিল প্রতিষ্ঠা করা হয়। কাউন্সিলগুলি স্থানীয় বিশেষজ্ঞ এবং স্টেকহোল্ডারদের ব্যবসা, একাডেমী, স্থানীয় সরকার এবং বেসরকারি সংস্থাগুলির দ্বারা গঠিত ব্যক্তিগত অংশীদারিত্ব। এসব আঞ্চলিক কাউন্সিল একটি কমিউনিটি-ভিত্তিক, বটম-আপ পদ্ধতি প্রয়োগ করা এবং স্টেটের

সংস্থানগুলোর জন্য একটি প্রতিযোগিতামূলক প্রক্রিয়া স্থাপন করার মাধ্যমে নিউ ইয়র্কের কর্মসংস্থান ও অর্থনৈতিক সমৃদ্ধির জন্য বিনিয়োগ করার পদ্ধতিকে পুনরায় সংজ্ঞায়িত করেছে। Regionalcouncils.ny.gov এ আরো জানুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন